গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
আইইবি ভবন (লেভেল ০৯ ও ১০), রমনা, ঢাকা
www.sreda.gov.bd

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) দেশে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির সম্প্রসারণ এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণের মাধ্যমে জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা ক্রমান্বয়ে হ্রাসপূর্বক বৈশ্বিক উষ্ণতা নিয়ন্ত্রণের লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালন করে আসছে। এ লক্ষ্যে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ মোতাবেক স্রেডায় ইন্টার্নশিপ প্রোগ্রামে নিম্নোক্ত যোগ্যতা ও শর্তাবলীর ভিত্তিতে ৯ম ব্যাচ (সেপ্টেম্বর-নভেম্বর, ২০২৬) ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| যোগ্যতা | আবেদনের পদ্ধতি ও শর্তাবলী |
|---|---|
| ১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।<br>২) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল/নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।<br>৩) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে।<br>৪) আবেদন ফরমের লিংক: https://forms.gle/7dBTo9VdE8DRmHrNA<br>৫) আগামী ১৩/০৮/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৯/০৮/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে। সরাসরি/ ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।<br>৬) Online Application Form- এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ১৩/০৮/২০২৬ তারিখ বা তৎপূর্বে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রির ফলাফল প্রকাশিত হয়েছে তারা আবেদনের যোগ্য হবেন। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষা সম্পন্নের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।<br>৭) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের ইন্টার্নশিপ প্রোগ্রামে ইন্টার্ন নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষা আগামী ২৫/০৮/২০২৬ খ্রি: বেলা ১১:০০ টায় Google Form এর মাধ্যমে স্রেডা, আইইবি ভবন (লেবেল-৯) রমনা, ঢাকায় অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা একই দিনে অর্থাৎ ২৫/০৮/২০২৬ তারিখে স্রেডা, আইইবি ভবন (লেবেল-১০) রমনা, ঢাকায় গ্রহণ করা হবে। | • আগ্রহী প্রার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে অনাপত্তি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে স্রেডা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তি ও আবেদন ফরমের লিংক স্রেডা'র ওয়েবসাইটে (http://sreda.gov.bd/) পাওয়া যাবে।<br>• প্রোগ্রামের মেয়াদ ০৩ (তিন) মাস [সেপ্টেম্বর-নভেম্বর ২০২৬]।<br>• মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।<br>• চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা ইমেইল ও স্রেডা ওয়েবসাইটের মাধ্যমে অবহিত করা হবে।<br>• পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের টিএ/ডিএ প্রদান করা হবে না।<br>• ইন্টার্নদের মাসিক জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা ভাতা প্রদান করা হবে।<br>• ইন্টার্ন বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।<br>• ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।<br>• কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো/অবহিতকরণ ব্যতিরেকে ইন্টার্নশিপ কার্যক্রম বাতিল, পরিবর্তন, পরিবর্ধন, স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।<br>• ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী সরকারি/স্বায়ত্বশাসিত/ সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠানে ইতঃপূর্বে ইন্টার্নশিপ সম্পন্ন করলে বা চলমান থাকলে অত্র প্রোগ্রামে আবেদন করার প্রয়োজন নেই।<br><br>মোহাম্মদ আল-আমীন<br>পরিচালক (প্রশাসন)<br>ও<br>সদস্য সচিব, ইন্টার্ন বাছাই কমিটি<br>ফোন: ০২-৫৫১১০৩৩৮<br>ই-মেইল: dir.admin@sreda.gov.bd |